

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১১০৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৯৬]

৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১৯৪: প্রথম কাতারের ফযীলত, প্রথম কাতারসমূহ পূরণ করা, কাতার সোজা করা এবং ঘন হয়ে কাতার বাঁধার গুরুত্ব

(194) بَابُ فَضْلِ الصَّفِّ الْأَوَّلِ وَالْأَمْرِ بِاتِّمَامِ الصُّفُوفِ الْأَوَّلِ، وَتَسْوِيَّتِهَا، وَالتَّرَاصُّ فِيهَا

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «وَسِّطُوا الْإِمَامَ، وَسُدُّوا الْخَلَلَ». رَوَاهُ أَبُو دَاوُدَ.

বাংলা

১৫/১১০৩। আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা ইমামকে কাতারের ঠিক মাঝখানে কর। আর কাতারের ফাঁক বন্ধ করো।” (আবু দাউদ, হাদিসের প্রথমমাংশ সহীহ নয়।)[1]

English

(194) Chapter: The Excellence of Standing in the First Row (In Salat)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) said, "Let the Imam stand in the middle (so that those praying behind him should be standing both on his right and his left) and close the gaps."

[Abu Dawud].

Commentary: Sheikh Al-Albani has stated that two narrators of this Hadith are Majhul (unknown). The second part of it, however, is correct because it is supported by a narration of Ibn `Umar quoted earlier.

ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ এর সনদে দু'জন মাজহুল (অপরিচিত) বর্ণনাকারী রয়েছেন। যেমনটি আমি “দ্ব’ঈফু

আবী দাউদ” গ্রন্থে (নং ১০৫) বর্ণনা করেছি। তবে হাদীসটির দ্বিতীয় বাক্যের আব্দুল্লাহ ইবনু উমার (রাযি) হতে কতিপয় শাহেদ বর্ণিত হয়েছে। অতএব দ্বিতীয় বাক্যটি সহীহ। এ সম্পর্কে (১০৯৮) নম্বরে সহীহ আখ্যা দেয়া হয়েছে। এর সনদে বর্ণনাকারী ইয়াহইয়া ইবনু বাশীর ইবনে খাল্লাদ এবং তার মা তারা উভয়েই মাজহুল (অপরিচিত)। ইবনু কাত্তান বলেনঃ তাদের উভয়ের অবস্থা অজ্ঞাত। আব্দুল হক্ব ইশবীলী বলেনঃ এ সনদটি শক্তিশালী নয়। হাফিয যাহাবী বলেনঃ তার সনদটি দুর্বল। হাফিয ইবনু হাজার “আত্তার্করীব” গ্রন্থে আর শাওকানী তার অনুসরণ করে (৩/১৫৩) বলেনঃ ইয়াহইয়া ইবনু বাশীরের অবস্থা অপ্রকাশিত আর তার মা অপরিচিত। বিস্তারিত দেখুন “দ’ঈফু আবী দাউদ-আলউম্ম-” গ্রন্থে (নং ১০৬)। আবু দাউদ ৬৮১

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=25293>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন